বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের আওতায় ২০১২-২০১৩ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনা				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএ ফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বোচ্চ সর্বনিম্ন	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বোচ্চ সর্বনিম্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়	০১	০১	০০	০০	০০	০১	১২ মাস (৫০%))	০০	০০

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ**

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের অধীনে ২০১২-২০১৩ অর্থ বছরে ০১টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ**

সমাপ্ত প্রকল্পটির মূল অনুমোদিত বাস্তবায়নকাল বৃদ্ধি পেয়েছে। তবে প্রকল্পের ব্যয় হ্রাস পেয়েছে।

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

কারিগরী বিভিন্ন বিষয়ে অনভিজ্ঞতা এবং ক্রয়প্রক্রিয়া চূড়ান্তকরণ ইত্যাদি ক্ষেত্রে দীর্ঘসূত্রিতার কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে।

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

সমস্যা	সুপারিশ
১ পিএসসি চত্বরের সীমানা প্রাচীর ডিজাইন/নির্মান দুর্বল হওয়ায় এ ভবনটি অনিরাপদ হয়ে পড়েছে।	১ পিএসসি চত্বরের সীমানা প্রাচীরের সংস্কার অথবা ভবনের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এনে প্রয়োজনে নতুন করে তা নির্মাণ করার উদ্যোগ নেয়া যেতে পারে।
২ বিভিন্ন ফ্লোরে করিডরের পার্শ্বের কক্ষগুলির জানালাগুলি স্বচ্ছ হওয়ায় পিএসসির গরুত্বপূর্ণ পরীক্ষা সংক্রান্ত দলিলপত্রের গোপনীয়তা রক্ষায় সমস্যা হচ্ছে।	২ পিএসসির গরুত্বপূর্ণ পরীক্ষা সংক্রান্ত দলিলপত্রের গোপনীয়তা রক্ষায় সংশ্লিষ্ট কক্ষসমূহের জানালায় প্রয়োজনীয় সেডের ব্যবস্থা করা যেতে পারে।
৩ সদস্যদের রুম গুলি সাউন্ডপ্রুফ না হওয়ায় মৌখিক পরীক্ষার কথোপকথন বাইরে ফাঁস হয়ে যাচ্ছে।	৩ সদস্যদের রুমগুলি সাউন্ডপ্রুফ করার ব্যবস্থা নিতে হবে।
৪ ৮০০ কেভিএ সাব-স্টেশন চালু না করায় ভবনের অনেকগুলি এসি ব্যবহার করা যাচ্ছে না।	৪ দ্রুত ৮০০ কেভিএ সাব-স্টেশন চালু করার উদ্যোগ নিতে হবে।

ঢাকা শেরে বাংলা নগরস্থ আগারগাঁওয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কমপ্লেক্স নির্মাণ (২য় পর্ব)

(সমাপ্ত ঃ **জুন, ২০১৩** খ্রিঃ)

মূল্যায়ন প্রতিবেদন

১.০ প্রকল্পের নাম ঃ ঢাকা শেরে বাংলা নগরস্থ আগারগাঁওয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কমপ্লেক্স নির্মাণ (২য় পর্ব)।

২.০ বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ গণপূর্ত অধিদপ্তর।

৩.০ উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।

৪.০ প্রকল্পের অবস্থান ঃ আগারগাঁও , ঢাকা।

৫.০ প্রকল্প বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্ত্মবায়ন কাল			প্রকৃত বাস্ত্মবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্ত্মবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	১ম সংশোধিত	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি			
২৫৭১.৩০	২৫১৫.৭৫	২৪৯১.১০	জুলাই,২০০৯ হতে জুন, ২০১১	জুলাই,২০০৯ হতে ডিসেম্বর, ২০১২	জুলাই,২০০৯ হতে জুন,২০১৩	জুলাই,২০০৯ হতে জুন,২০১৩	- ৮০.২০ (-৩.১১%)	১২ মাস (৫০%)

৬.০ সাধারণ পর্যবেক্ষণ ঃ

৬.১ পটভূমি ঃ

বাংলাদেশ সরকারী কর্মকমিশন(পিএসসি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি সাংবিধানিক অংগ প্রতিষ্ঠান। বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার প্রথম শ্রেণীর ক্যাডারভুক্ত কর্মকর্তা, নন-ক্যাডার কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া পিএসসি এর মাধ্যমে হয়ে থাকে। এছাড়াও পিএসসি সকল ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের সিলেকশন গ্রেড ও পদোন্নতির পরীক্ষা নিয়ে থাকে। কিন্তু পিএসসি তেজগাঁও- এ অবস্থিত পুরাতন বিমান বন্দর সংলগ্ন এলাকায় অবস্থিত ভবনে প্রশাসনিক কার্য সম্পাদন করে আসছিল যা এর বর্তমান জনবল ও কার্যপরিধির তুলনায় খুবই অপ্রতুল। একই সাথে নিরাপত্তার প্রশ্ন জড়িত রয়েছে। সার্বিক বিষয় বিবেচনা করে বিদ্যমান সমস্যাগুলি দূরীকরণের লক্ষ্যে ঢাকার আগারগাঁও-এর শের-ই বাংলা নগর (প্লট নং ই-২৭-২৯)- এ বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। আর্থিক সীমাবদ্ধতার কারণে প্রকল্পটি ধাপে ধাপে বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়। প্রথম পর্বের প্রকল্পটিতে বেইজমেন্ট ফ্লোর, গ্রাউন্ড ফ্লোর(১ম তলা) ও ২য় তলা অন্তর্ভুক্ত ছিল। ১ম পর্যায়ের প্রকল্পটি জুন, ২০০৮ এ সমাপ্ত হয়। কিন্তু নবনির্মিত ভবনে পিএসসি-এর জনবলের স্থান সংকুলান না হওয়াতে প্রকল্পের ২য় পর্ব গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় প্রকল্পের ২য় পর্বে ভবনের ৩য় তলা হতে ৭ম তলা ৫(পাঁচ)টি ফ্লোর পর্যন্ত নির্মাণের প্রস্তাব অনুমোদিত হয়।

৬.২ উদ্দেশ্য ঃ

পিএসসি'র বর্তমান জনবলের স্থান সংকুলান এবং সার্বিক প্রশাসনিক কার্যে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা সৃষ্টি এবং ভবনের নিরাপত্তা নিশ্চিত করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।

৭.০ প্রকল্পের অনুমোদন অবস্থা ঃ

আলোচ্য প্রকল্পটি একনেক সভা কর্তৃক ২৫৭১.৩০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য বিগত ০৪/০৮/২০০৯ তারিখে অনুমোদিত হয়। প্রকল্প ব্যয়ের সম্পূর্ণ অংশই জিওবি অনুদান। উক্ত মেয়াদে প্রকল্পের সমুদয় কাজ শেষ না হওয়ায় আইএমইডি'র সুপারিশক্রমে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে বাস্তবায়ন মেয়াদ দুই দফায় জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। নির্মাণাধীন ভবনের বেশ কিছু পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন হওয়ায় প্রকল্প ব্যয়ের আন্তঃখাত সমন্বয়ের প্রয়োজন পড়ে। তবে, ডিপিইসি সভায় প্রকল্প ব্যয় বৃদ্ধি না করে প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ করা হয়। আন্তঃখাত সমন্বয় এবং কতিপয় অংগের ব্যয় হ্রাসের ফলে প্রকল্প ব্যয় পরিবর্তিত হয়ে

দাড়ায় ২৫১৫.৭৫ লক্ষ টাকায় যা ডিপিইসি'র সুপারিশক্রমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৭/০৩/২০১৩ তারিখে অনুমোদিত হয়।

৮.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদকাল	
		শুর	সমাপ্ত
১)	জনাব মোঃ রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ, সার্কেল-৪, ঢাকা।	১৬/০৯/২০০৯	০২/১১/২০১১
২)	জনাব মোঃ জিয়াউল হাফিজ তত্ত্বাবধায়ক প্রকৌশলী,ঢাকা গণপূর্ত বিভাগ, সার্কেল-৪, ঢাকা।	০৩/১১/২০১১	৩০/০৬/২০১৩

৯.০ প্রকল্পের মূল কার্যক্রম ঃ

প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে শের-ই বাংলা নগরের আগারগাঁওয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কমপ্লেক্স-ভবনের ৩য় তলা হতে ৭ম তলা পর্যন্ত অবকাঠামো নির্মাণ, ভবনের সৌন্দর্য বর্ধন, লিফট স্থাপন, সাবস্টেশন স্থাপন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, বিদ্যুৎ ও গ্যাস সংযোগ প্রদান, নেটওয়ার্ক সিস্টেম স্থাপন, স্যানিটারী এবং এয়ারকন্ডিশনিং যন্ত্রপাতি স্থাপন ইত্যাদি।

১০.০ অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ঃ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে দেয়া হল ঃ

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
1. Testing of Materials	L.S	0.00	0.00	0.00	0.00	
2. Design Documentation, Stationaries etc for DOA (tracing paper, computer & photocopier cartage & accessories)	L.S	2.00	L.S	2.00	100%	
3. Preparation of Civil/Electrical drawings, estimate, tender documents, publication of tender, stationeries, Honorium for Tender Evaluation	L.S	7.00	L.S	6.786	100%	As Per Requirment of Work (+0.214)
4. For PD's Office Vehicle hire charge	L.S	0.00		0.00	0.00	
5. Land Registration Cost	Acre	36.80	2.9	36.66	2.9	As Per Requirment of Work (+0.14)
6. Super Structure (for RCC frame structure) for Superior quality building category	sqm	1334.00	8951.06	1328.636	8951.06	As Per Requirment of Work (+5.364)
7. Internal Sanitary and water supply arrangement for eleven storied non-residential building (Superior)	sqm	65.41	7137.18	60.98	7137.18	As Per Requirment of Work (+4.43)

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
8. Internal Elctrification	sqm	110.00	7157.18	110.00	7157.18	
9. Extra cost for special finishing & decoration work like as alluco bond, façade treatment, internal partition, door closer, pelmet, lock, brick facing, steel truss over roof, glass paneling etc.	L.S	136.25	L.S	134.40	100%	As Per Requirment of Work (+1.85)
10. Curtain glass for building faces as per architectural drawing	sqm	41.69	948.34	41.69	948.34	
11. Gas Connection	L.S	5.00	L.S	4.76	100%	As Per Requirment of Work (+0.24)
12. Guard Shad 1 nos as per architectural	Nos	9.17	1	7.19	1	As Per Requirment of Work (+1.98)
13. Gate 3 nos	sqm	11.60	46.82	11.60	46.82	
14. Brick Pavement as per architectural detailing	sqm	17.27	700	17.27	700	
15. Cost for Boundary wall	sqm	28.65	415.85	20.11	415.85	As Per Requirment of Work (+8.54)
16. Cost for Internal road including incomplete work of internal road in the 1st phase	sqm	63.70	1306.47	63.29	1306.47	As Per Requirment of Work (+0.41)
17. Decotative fourtain work in front of building	L.S	36.45	L.S	35.03	100%	As Per Requirment of Work (+1.42)
18. Arboriculture	L.S	5.00	L.S	4.99	100%	As Per Requirment of Work (+0.01)
19. Wood Work As Per requirement from PSC for Examinees chair cum table and office furniture's	L.S	125.00	L.S	125.00	100%	
20. Supply & Installation 800KVA sub station equipment in/c HTLT cable and different size NYY cable control circuit breaker etc. from work components as per PP (With quantity)	Nos	93.16	1	93.16	1	

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
21. Supply & Installation 400 KVA diesel generator in/cl emergency panel control cable etc.	Nos	80.50	1	80.50	1	
22. Supply & Installation lift (1000kg 13 passenger 8 stop with AVR in/cl cable control etc. as requird) (2nos x 45.00 lakh)	Nos	74.00	2	74.00	2	
23. Supply & Installation Spilt type air conditioner with cable control etc. (127 ton x 0.70 lakh)	Tons	100.00	127	100.00	127	
24. Supply & installation Conference System	L.S	10.00	L.S	10.00	100%	
25. Supply & installation Compound & street light in/cl cable control	L.S	20.00	L.S	20.00	100%	
26. Supply & installation 20HP submersible/centrifugal water pump motor set with stand by in/cl cable control (1 nos pump)	Set	10.10	1	10.10	1	
27. Supply & installation of Special earthing system & arresting lighting conductor.	L.S	13.00	L.S	13.00	100%	
28. Dehumidifier & fire extinguisher (for library & record room)	L.S	17.00	L.S	17.00	100%	
29. Supply & installation of PVC Pice for telephone, intercom, computer net working etc.	L.S	10.00	L.S	10.00	100%	
30. DESA/DESCO charge for Load sanction & security deposit (1 Nos Sub-station)	Nos	20.00	1	20.00	1	
31. Supply & installation Computer, networking system	L.S	30.00	L.S	30.00	100%	
32. Purchasing of computer, printer, UPS & other accessories' for PWD & PD's Office (1sets)	Sets	1.00	2	1.00	2	
33. Purchasing of Photocopier (1 nos)	No	2.00	1	2.00	1	
Total		2515.75		2491.16		

১০.১ Revised ADP allocation and progress :

(In lakh Taka)

Financial Year	Revised Allocation & target				Taka release	Expenditure & physical progress			
	Total	Taka	P. A	Physical %		Total	Taka	P.A	Physical %
1	2	3	4	5	6	7	8	9	10
2009-2010	124.50	124.50	-	5%	124.50	124.50	124.50	-	5%
2010-2011	600.00	600.00	-	24.10%	600.00	600.00	600.00	-	24.10%
2011-2012	544.25	544.25	-	21.85%	544.25	544.25	544.25	-	21.85%
2012-2013	1247.00	1247.00	-	49.07%	1247.00	1222.41	1222.41	-	49.07%
		2515.75	-	100%	2515.75	2491.16	2491.16	-	100%

*অব্যয়িত ২৪.৫৯ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১১.০ কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণ ঃ

পিসিআর অনুযায়ী সকল অংগের কাজ সমাপ্ত হয়েছে। তবে প্রকল্পে সোলার প্যানেল স্থাপন না করায় ৮০০ কেভিএ সাব-স্টেশন এখনও চালু করা যায়নি। এছাড়া, চেয়ারম্যান ও সচিব মহোদয়গনের দপ্তরে ব্যবহারের জন্য গ্যাসের সংযোগও দেয়া হয়নি।

১২.০ প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন ঃ

উদ্দেশ্যে	অর্জন
পিএসসি'র বর্তমান জনবলের স্থান সংকুলান এবং সার্বিক প্রশাসনিক কার্যে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা সৃষ্টি এবং ভবনের নিরাপত্ত নিশ্চিত করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।	পিএসসি'র বর্তমান জনবলের স্থান সংকুলান এবং সার্বিক প্রশাসনিক কার্যে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করা হয়েছে।

১৩.০ উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ ঃ

প্রযোজ্য নয়।

১৪.০ প্রকল্প পরিদর্শনঃ

আইএমইডি'র সংশ্লিষ্ট উপ-পরিচালক কর্তৃক বিগত ১৫/০৪/২০১৪ ও ২২/০৪/২০১৪ তারিখে প্রকল্প এলাকা এবং প্রকল্প অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া পিএসসি'র সচিব এবং যুগ্ম-সচিব মহোদয়গণের সাথে তাঁদের অফিস কক্ষে সাক্ষাৎ করা হয়। নিম্নে প্রকল্প এলাকার উল্লেখযোগ্য পরিদর্শন বিবরণী উলেস্নখ করা হলঃ

১৪.১ মূল ভবন নির্মাণঃ

মূল ভবনের ৩য় তলা হতে ৭ম তলার নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন ফ্লোরে সদস্যদের ব্যবহারের জন্য ১৪টি কক্ষ নির্মাণ করা হয়েছে। তাঁদের সহযোগীতার জন্য অন্যান্য কর্মকর্তাদের কক্ষ নির্মাণ করা হয়েছে। ভবনের পূর্ব ও পশ্চিম প্রান্তের প্রতিটি ফ্লোরে ২টি করে কমন টয়লেট নির্মাণ করা হয়েছে। প্রতিটি ফ্লোরের নির্মাণ-প্যাটার্ণ অভিন্ন। থার্ড ফ্লোরে পিএসসি'র চেয়ারম্যান এবং সচিবসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাদের অফিস কক্ষ নির্মাণ করা হয়েছে। সচিব বলেন, ভবনটির ভিতরে অনেক খোলা জায়গা রাখা হয়েছে যা তাদের কোন কাজে আসছে না। কর্মকর্তাদের বসার জন্য যথেষ্ট জায়গার অভাব রয়েছে। তিঁনি বলেন, পিএসসির বর্তমান লোকবলকে একোমডেট করতে ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণের প্রয়োজন। উল্লেখ্য, ভবনটি ১০ তলা ভিতের উপর প্রতিষ্ঠিত। প্রকল্পের আওতায় ৩য় তলা হতে ৭ম তলা পর্যন্ত নির্মাণ কাজ শেষ হয়েছে। ভবনটির বিভিন্ন ফ্লোর ঘুরে দেখা যায়, ফ্লোর টাইলস দেয়া হয়েছে। সাধারণ কক্ষগুলির জানালাতে স্বচ্ছ গ্লাস ব্যবহার করা হয়েছে। ফলে কর্মকর্তা/কর্মচারীগণ করিডরের সাথের জানালাগুলিতে আলাদা কাগজ ব্যবহার করে সেড করে নিয়েছেন। উপস্থিতি কর্মকর্তারা জানান, পিএসসি'র বিভিন্ন দলিলপত্রের গোপনীয়তা রক্ষায় এ রকম সেড ব্যবহার করতে হচ্ছে। এছাড়া ভবনের নীচতলায় বিসিএস পরীক্ষার জন্য বিশাল হলঘরের চারিপার্শে গ্লাস ব্যবহার করা হয়েছে। পিএসসির কর্মকর্তারা জানান, হলঘরসহ বিভিন্ন ফ্লোরের কর্মকর্তাদের রুমের

ভিতরের করিডর সংলগ্ন জানালায় স্থায়ী সেড দেওয়ার প্রয়োজন। সদস্যসহ আরও বেশকিছু রুমের দরজায় ব্যবহৃত রিম/রাউন্ড ডোর লক নিম্নমানের হয়েছে। এর ফলে দরজা ভেজানো ও খোলার কাজটি সহজ হচ্ছে না। উপস্থিত প্রকৌশলী জানান, বেশ কিছু ডোরলক ইতোমধ্যে পরিবর্তন করে দেয়া হয়েছে। সদস্যদের কক্ষে বিসিএস পরীক্ষার পরীক্ষার্থীদের সাক্ষাৎকার নেয়া হয়ে থাকে। সদস্যদের রুমের সাথে তাঁদের ব্যাক্তিগত কর্মকর্তাদের বসার রুম। অপেক্ষমান পরীক্ষার্থীরা এখানে বসেন। সদস্য মহোদয়ের কক্ষে ভাইভা চলাকালীন ব্যাক্তিগত কর্মকর্তার রুম থেকে কথোপকথন শুনা যায়। এতে গোপনীয়তা বজায় রাখা যাচ্ছে না বলে উপস্থিত পিএসসি'র কর্মকর্তা জানান। এ বিষয়ে পিডাব্লিউডি'র প্রকৌশলী জানান সদস্য ও তাঁর পাশের রুমে টানা জানালা থাকায় এ জাতীয় সমস্যা তৈরী হয়েছে। তিনি আরও জানান, দুটি রুমের মাঝের ফাঁকা অংশ রাবার/ফোম জাতীয় পদার্থ দিয়ে বন্ধ করে দেয়া হয়েছে। সদস্য মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা জানান, এরপরও কথা শুনা যায়। সাক্ষাৎকারের বিষয়টি গোপন রাখতে সাউন্ডপ্রূফ প্রযুক্তি ব্যবহারের প্রয়োজন ছিল বলে প্রতীয়মান হয়েছে।

পিএসসি'র সদস্য জনাব মোঃ ওয়াজেদ আলী খান এর রুমের বাইরে পূর্ব দিকের দেয়ালে বীমের কিছুটা অংশ ভেংগে গেছে। । উপস্থিত কর্মকর্তারা জানান, এসি লাগানোর সময় এই অংশটুকু ক্ষতিগ্রস্থ হয়েছে। এটি দ্রুত মেরামত করা প্রয়োজন। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব আলাপকালে জানান, 'দেয়ালে সামান্য কোন ছিদ্র করতে কোন বেগ পেতে হয় না। এতে প্রতীয়মান হয় ভবনের নির্মাণ মান ভাল হয়নি'। এ মতামতের উত্তরে উপস্থিত প্রকৌশলী জানান, ছিদ্রটি কাকতালীয়ভাবে দুটি ইটের গ্যাপে হয়ে থাকতে পারে। পিএসসি'র যুগ্ম-সচিব জানান, ভবনের আর্কিটেক্ট ডিজাইন এমনভাবে করা হয়েছে যাতে প্রচুর খোলা স্পেস তৈরী হয়েছে। এসমস্ত খোলা স্পেসে কর্পোরেট অফিসের মত কর্মকর্তা/কর্মচারীদের বসার কথা। তবে পিএসসি'র মত একটি অফিস যেখানে বেশ গোপনীয় দলিল পত্রাদি নিয়ে কাজ করতে হয় তাই তারা খোলা স্থানে বসতে অনিহা দেখাচ্ছে। ফলে সীমিত কক্ষে সকল কর্মকর্তা/কর্মচারীগণ বসতে পারছেন না।

১৪.২ ভবনের পোর্চের নীচে ফ্লোরে বেশ কিছু টাইলস ভেংগে গেছে। জানা যায় পিএসসি'র পুরাতন অফিস থেকে এখানে শিফটিং এর সময় ভারী যান চলাচল করায় এরুপ অবস্থার তৈরী হয়েছে। এ অংশেরও মেরামত করা প্রয়োজন। প্রথম তলায় প্রকল্পের প্রথম পর্বে পোস্ট অফিস এবং সোনালী ব্যাংকের একটি শাখার জন্য স্পেস রাখা ছিল। প্রকল্পের এ পর্বে পোষ্ট অফিস এবং সোনালী ব্যাংকের জন্য অবকাঠামো নির্মাণ করে দেয়া হয়েছে। এ অফিস দুটি চালু হয়েছে মর্মে দেখা গেল। অফিসের ভিতরের ডেকোরেশনের কাজটি স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদন করা হয়েছে বলে জানা গেছে। ভবনের সামনে (উত্তর দিকে) ফোয়ারার নির্মাণ কাজ শেষ হয়েছে। পরিদর্শনের সময় তা চালু অবস্থায় দেখা যায়নি। ফোয়ারা চালু করতে যে পরিমান পানি থাকা প্রয়োজন তা পরিলক্ষিত হয়নি। এ ছাড়া চৌবাচ্চার ভিতরে শেওলা জমে নোংরা হয়ে গেছে। নিয়মিত পরিস্কার করা হয় না বলে প্রতীয়মান হয়েছে।

১৪.৩ পুরো ভবনের চারিপার্শ্বে নিরাপত্তা প্রাচীর নির্মাণ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের প্রথম পর্বে ভবনের পশ্চিম ও উত্তর সীমানায় প্রাচীর নির্মাণ করা হয়। পূর্ব দিকে পরিসংখ্যান ভবনের প্রাচীর থাকায় সেখানে প্রাচীর নির্মাণের প্রয়োজন হয়নি। প্রকল্পের এ পর্বে পুরো দক্ষিণ দিকের এবং পশ্চিম ও উত্তর দিকের অবশিষ্ট কিছু অংশের প্রাচীর নির্মাণ ও বিদ্যমান প্রাচীরের সংস্কার কাজ করা হয়েছে। মূলতঃ প্রাচীরটি ১০ ফুট উচ্চতা বিশিষ্ট। এর নীচে ২ ফুট ইটের গাথুনী দেয়া ভিত এবং এ ভিতের উপর ৮ ফুট উচ্চতার আরসিসি কলাম তৈরী করা হয়েছে। প্রতিটি কলামের মাঝে প্রায় ৪ ফুট গ্যাপ রয়েছে। এ গ্যাপে উলম্বমূখী ১২টি এমএস পাইপ (০.৫ ইঞ্চি ডায়া বিশিষ্ট) এবং পাইপের আনুভুমিকে তিনটি এমএস বক্স ও দুটি ফ্লাট বার লাগানো হয়েছে। পাইপের 'টপ এ্যারো হেড' ঝালাই করে লাগানো যা অধিকাংশই আর অবশিষ্ট নাই। জানা যায় এগুলি চুরি হয়ে গেছে। পাইপের নীচের অংশ খোলা। পিএসসি' কর্মকর্তাগণ জানান, এ প্রাচীর নিরাপত্তার জন্য মোটেই যথেষ্ট নয়। পাইপ দুর্বল হওয়ায় তা শক্তি প্রয়োগ করে সহজেই ভেংগে ফেলা এবং চত্বরের ভিতরে প্রবেশ করা সম্ভব। এ সমস্ত ফাঁক দিয়ে বিভিন্ন পশু/প্রাণী ভিতরে প্রবেশ করছে বলে জানা গেছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো ভবনের নিরাপত্তা নিশ্চিত করা যা এই জাতীয় প্রাচীর দিয়ে বাস্তবায়ন করা সম্ভব নয়। ভবনের নিরাপত্তার স্বার্থে বিদ্যমান প্রাচীরের সংস্কার আশু প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।



চিত্র ক) পিএসসি চত্বরের নির্মিত নিরাপত্তা প্রাচীর।



চিত্র খ) পিএসসি চত্বরের নির্মিত নিরাপত্তা প্রাচীর।

১৪.৪ বিদ্যুৎ ও গ্যাসের সংযোগঃ

ভবনের প্রতিটি ফ্লোরের বিভিন্ন জায়গায় বিদ্যুতের খোলা তার পরিলক্ষিত হয়েছে। ভবনটি জুন,২০১৩ এ সমাপ্ত হলেও এ ধরণের অসম্পূর্ণ বিদ্যুতের খোলা প্রান্ত থাকাটা নিরাপত্তা ও ভবনের সৌন্দর্যহানির কারণ হয়েছে। ভবনের স্থাপিত ফ্যানগুলি নিম্নমানের বলে উপস্থিত কর্মকর্তারা জানান। যুগ্ম-সচিব ও ৭তলায় সদস্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবীর এর কক্ষ দুটি পরিদর্শনে দেখা যায় ফলস সিলিং এর নীচে 'প্রাইম' লগো লাগানো ফ্যান ব্যবহার করা হয়েছে। ফ্যানগুলি থেকে কোন বাতাস পাওয়া যায় না। উপস্থিত কর্মকর্তারা অন্যান্য রুমেও ফ্যান থেকে ঠিকমত বাতাস পাওয়া যায় না বলে জানান। পিডাব্লিউডির প্রকৌশলী জানান, তাদের সিডিউল অনুযায়ী প্রাইম ফ্যান লাগানো হয়েছে। ভবনের তৃতীয় তলায় অবস্থিত কনফারেন্স রুমে আলোর স্বল্পতা রয়েছে। এখানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা প্রয়োজন। প্রকল্পের আওতায় ৮০০ কেভিএ সাব স্টেশন ইকুপমেন্ট সরবরাহ ও স্থাপনের বিষয়টি এখনও সম্পন্ন হয়নি। ফলে সব এসি চালানো যাচ্ছে না। প্রকল্পের প্রথম পর্বে স্থাপিত ৫০০ কেভিএ সাব স্টেশন থেকে লিফট, লাইটসহ সীমিত কয়েকটি এসি চালু রয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান ডেসা/ডেসকোর load sanction and security deposit চার্জ প্রদান করা হয়েছে। সরকারের বর্তমান নীতিমালা অনুসারে সোলার প্যানেল স্থাপন না করলে load sanction পাওয়া যাবে না। তিনি আরও জানান, প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন বাবদ খাত ধরা ছিল না ।



চিত্র গ) অব্যবহৃত সাব-স্টেশনের যন্ত্রপাতি।

প্রকল্পের আওতায় চেয়ারমান ও সচিব মহোদয়ের দপ্তরে ব্যবহারের জন্য গ্যাসের সংযোগ বাবদ ৫.০০ লক্ষ টাকা প্রাক্কলন ছিল। পিসিআর হতে দেখা যায় এ বাবদ ৪.৭৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। পরিদর্শনের সময় গ্যাসের কোন সংযোগ দেখা যায়নি। উপস্থিত প্রকৌশলী জানান, ডিজাইন ত্রুটির কারণে মূল লাইন থেকে পিএসসি ভবন পর্যন্ত সংযোগ এখনও দেয়া হয়নি।

১৪.৫ অন্যান্যঃ

জানা গেছে এ পর্যন্ত ভবনের বিদ্যুত বিল পরিশোধ করা হয়নি। প্রকল্প চলাকালীন ব্যবহৃত বিদ্যুৎ বিল প্রকল্প থেকে পরিশোধ করার কথা ছিল। উপস্থিত তড়িৎ প্রকৌশলী জানান, প্রকল্প সমাপ্তির পর অর্থাৎ জুলাই, ২০১৩ থেকে পিএসসি কর্তৃক বিল পরিশোধ করার বিধান আছে। পিসিআর হতে দেখা যায় প্রকল্পের অডিট আপত্তি রয়েছে যা এখন অব্দি অনিষ্পন্ন রয়েছে। ভবনটি বিগত ১৮/০৯/২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। ঐ সময়েই পিএসসি তার পুরাতন অফিস পরিপূর্ণভাবে শিফট করে বর্তমান ভবনে স্থানান্তরিত হয়েছে। তবে এখন অব্দি ভবনটি দাপ্তরিকভাবে বুঝে নেয়া হয়নি বলে পিডাব্লিউডি'র প্রকৌশলী জানান। তিনি জানান, দ্রুত বুঝে না নিলে এ ভবনটি 'বুকে' অন্তর্ভুক্ত করা যাচ্ছে না। ফলে নিয়মিত মেইনটেন্যান্স করাও সম্ভব হচ্ছে না।

১৪.৬ প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

প্রকিউরমেন্ট বিষয়ে প্রকল্প অফিসে রক্ষিত তথ্যাদি দেখা হয়েছে। বিধি মোতাবেক প্রকিউরমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে মর্মে জানা গেছে। নিম্নে কয়েকটির বিবরণ প্রদত্ত হলঃ

নং	কাজের নাম	পত্রিকার নাম	দরপত্রের অনুমোদিত তথ্যাদি	টেক মেম্বার	অন্যান্য
১	Construction 2nd -6th floor with civil (sanitary & internal electrification) work	ডেইলি স্টার, ইত্তেফাক ও আমাদের সময়।	দরপত্র প্রাপ্তি-৫ রেসপন্সিভ টেন্ডার-৪	টেক মেম্বার-৭ (দুই জন বাইরের সংস্থার)	ওপেনিং কমিটির ও টেকের সকল সদস্যের উপস্থিতি স্বাক্ষর, নোয়া প্রদান, পারফর্মেন্স সিকিউরিটি ইত্যাদি নির্ধারিত সময়ে ও পদ্ধতিতে সম্পন্ন হয়েছে মর্মে দেখা গেল।
২	Superstructure,Pavement, internal road Guard shed,Gate & Boundary wall নির্মাণ।	নিউএজ, সমকাল	দরপত্র প্রাপ্তি-৩ রেসপন্সিভ টেন্ডার-১	টেক মেম্বার-৫ (দুই জন বাইরের সংস্থার)	

১৫.০ <u>সমস্যা ঃ</u>

১৫.১ পিএসসি চত্বরের সীমানা প্রাচীর ডিজাইন/নির্মান দুর্বল হওয়ায় এ ভবনটি অনিরাপদ হয়ে পড়েছে।

১৫.২ ৮০০ কেভিএ সাব-স্টেশন চালু না করায় ভবনের অনেকগুলি এসি ব্যবহার করা যাচ্ছে না।

১৫.৩ বিভিন্ন কক্ষে নিম্নমানের ডোর লক লাগানো হয়েছে। ফলে দরজা ভেজানো ও লাগাতে সমস্যা হচ্ছে।

১৫.৪ সিলিং ফ্যান নিম্নমানের অথবা তা স্থাপনে ত্রুটি পরিলক্ষিত হয়েছে।

১৫.৫ গ্যাসের সংযোগ বাবদ ব্যয় দেখানো হলেও তার সংযোগ এখনও পাওয়া যায়নি।

১৫.৬ পোর্চের নীচে টাইলস ভেংগে যাওয়ায় ভবনে প্রবেশে অসুবিধা হচ্ছে।

১৫.৭ এসি লাগানোর সময় দেওয়াল বা বীম ভেংগে গেছে এমন জায়গা মেরামত করা হয়নি।

১৫.৮ কনফারেন্স রুমে আলোর স্বল্পতার জন্য স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।

১৫.৯ ভবনের বিভিন্ন ফ্লোরে বিদ্যুতের ওপেন পয়েন্ট নিরাপত্তাহীনতার কারণ হয়ে আছে।

১৫.১০ সদস্যদের রুম গুলি সাউন্ডপ্রুফ না হওয়ায় মৌখিক পরীক্ষার কথোপকথন বাইরে ফাঁস হয়ে যাচ্ছে।

১৫.১১ পানির ফোয়ারার চৌবাচ্চা অপরিস্কার/শ্যাওলা জমায় তার ব্যবহার উপযোগিতা নষ্ট হচ্ছে।

১৫.১২ কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য যথেষ্ট স্পেসের অভাব রয়েছে এবং কতিপয় স্পেস অব্যবহৃত থাকছে।

১৫.১৩ বিভিন্ন ফ্লোরে করিডরের পার্শ্বের কক্ষগুলির জানালাগুলি স্বচ্ছ হওয়ায় পিএসসির গরুত্বপূর্ণ পরীক্ষা সংক্রান্ত দলিলপত্রের গোপনীয়তা রক্ষায় সমস্যা হচ্ছে।

১৬.০। **<u>সপারিশ</u> ঃ**

১৫.১ পিএসসি চত্বরের সীমানা প্রাচীরের সংস্কার অথবা ভবনের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এনে প্রয়োজনে নতুন করে তা নির্মাণ করার উদ্যোগ নেয়া যেতে পারে।

১৫.২ নিম্নমানের সিলিং ফ্যান পরিবর্তন করে ত্রুটিমুক্তভাবে তা স্থাপন করতে হবে।

১৫.৩ দ্রুত ৮০০ কেভিএ সাব-স্টেশন চালু করার উদ্যোগ নিতে হবে।

১৫.৪ বিভিন্ন কক্ষের নিম্নমানের ডোর লক পরিবর্তন করতে হবে।

১৫.৫ পানির ফোয়ারার চৌবাচ্চা নিয়মিত পরিস্কার করে মাঝেমধ্যে ফোয়ারা চালু রাখা যেতে পারে।

১৫.৬ পোর্চের নীচের টাইলস দ্রুত পরিবর্তন করতে হবে।

১৫.৭ এসি লাগানোর সময় দেওয়াল বা বীম ভেংগে গেছে এমন জায়গা দ্রুত মেরামত করতে হবে।

১৫.৮ গ্যাসের দ্রুত সংযোগ দিতে হবে।

১৫.৯ ভবনের বিভিন্ন ফ্লোরে বিদ্যুতের ওপেন পয়েন্টগুলি কনসিল করতে হবে।

১৫.১০ সদস্যদের রুমগুলি সাউন্ডপ্রুফ করার ব্যবস্থা নিতে হবে।

১৫.১১ কনফারেন্স রুমে প্রয়োজনীয় আলোর ব্যবস্থা করতে হবে।

১৫.১২ বাস্তবতার নিরিখে একাধিক পিএসসি গঠনের প্রয়োজন না হলে এবং কারিগরীভাবে সম্ভব হলে এ ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ করে কর্মকর্তা/কর্মচারীদের স্থান সংকুলান করা যেতে পারে।

১৫.৩ পিএসসির গরুত্বপূর্ণ পরীক্ষা সংক্রান্ত দলিলপত্রের গোপনীয়তা রক্ষায় সংশ্লিষ্ট কক্ষসমূহের জানালায় প্রয়োজনীয় সেডের ব্যবস্থা করা যেতে পারে।